# U.G. 6th Semester Examination - 2020

# BENGALI

## Course Code: BBNGDSRT-3 & 4 (DSE 3 & 4)

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘণ্টা

*যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।*

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*

এই প্রশ্নপত্রটিতে ২টি (DSE) প্রশ্নপত্র রয়েছে (DSE 3 এবং DSE 4)। ছাত্র/ছাত্রীদের নির্দেশ দেওয়া হচ্ছে তারা যেন এই দুটির মধ্যে তাদের নির্বাচিত প্রশ্নপত্রটির উত্তর করে।

## Title: বাংলা সাহিত্যের ইতিহাস (উনিশ শতক ও বিশ শতকের প্রথমার্ধ)

## Code: BBNGDSRT3 (DSE 3)

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

ক) শ্রীরামপুর মিশন প্রেস থেকে মুদ্রিত প্রথম গ্রন্থটির নাম কী?

খ) বাংলাভাষায় মুদ্রিত ও প্রকাশিত প্রথম সাময়িক পত্রিকার নাম কী?

গ) ফোর্ট উইলিয়াম কলেজ কখন, কোথায় প্রতিষ্ঠিত হয়েছিল?

ঘ) 'গৌড়ীয় ব্যাকরণ' গ্রন্থের রচয়িতা কে?

ঙ) 'অতি অল্প হইল' কার রচনা?

চ) বাংলাভাষায় সার্থক প্রহসন রচয়িতা কে?

ছ) 'মাসিক পত্রিকা' নামক সাময়িক পত্রিকাটির প্রতিষ্ঠাতা কে?

*[পরের পাতায়]*

জ) রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা প্রথম কবিতার নাম কী?

ঝ) 'কাজলাদিদি' কবিতাটি কার লেখা?

ঞ) 'ছন্দের জাদুকর' অভিধায় চিহ্নিত কবি কে?

ট) 'দুঃখবাদী কবি' নামে কে পরিচিত?

ঠ) রবীন্দ্রোত্তর পর্বে বাংলা কাব্যে 'নির্জনতম কবি' নামে কে চিহ্নিত?

ড) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের লেখা একটি উপন্যাসের নাম লেখো।

ঢ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের লেখা প্রথম ছোটোগল্পের নাম কী?

ণ) মন্মথ রায় কোন্ শ্রেণির নাটক রচনার জন্য বিখ্যাত?

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) রামরাম বসুর লেখা একটি গ্রন্থের নাম লেখো। গ্রন্থটি কি কারণে স্মরণীয়?

খ) বাংলাসাহিত্যে 'হুতোম প্যাঁচা' ছদ্মনামটি কে নিয়েছিলেন? তাঁর রচিত নক্সাজাতীয় গ্রন্থটির নাম লেখো।

গ) নবীনচন্দ্র সেনের 'কাব্যত্রয়ী' কী কী?

ঘ) 'সাধের আসন' কার লেখা? এই গ্রন্থটি রবীন্দ্র-পরিবারের কোন্ নারীর স্মৃতি-বিজড়িত?

ঙ) দ্বিজেন্দ্রলাল রায়ের লেখা দুটি ঐতিহাসিক নাটকের নাম লেখো।

চ) 'সবুজপত্র' পত্রিকাটি কবে, কার সম্পাদনায় প্রকাশিত হয়েছিল?

ছ) 'ঘনাদা' নামক চরিত্রটির স্রষ্টা কে? তাঁর লেখা একটি ছোটোগল্পের নাম উল্লেখ করো।

জ) 'বাবুবৃত্তান্ত' ও 'নানাকথা' কার লেখা? গ্রন্থদুটি কী জাতীয় গ্রন্থ?

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) বাংলা গদ্য চর্চায় বিদ্যাসাগরের ভূমিকা সংক্ষেপে আলোচনা করো।

খ) মহাকাব্য রচয়িতা হিসাবে মাইকেল মধুসূদন দত্তের কৃতিত্ব সংক্ষেপে ব্যক্ত করো।

গ) রবীন্দ্র সমসাময়িক হয়েও রবীন্দ্র-বিরোধী কবি হিসাবে কাজী নজরুল ইসলামের সংক্ষিপ্ত মূল্যায়ন করো।

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) যুগ সন্ধিক্ষণের কবি হিসাবে ঈশ্বর চন্দ্র গুপ্তের অবদান নিরূপণ করো।

খ) গীতিকবি হিসাবে বিহারীলাল চক্রবর্তীর কৃতিত্ব নিরূপণ করো।

গ) নাট্যকার হিসাবে দ্বিজেন্দ্রলাল রায়ের সার্থকতা পরিস্ফুট করো।



**Title: ব্যবহারিক বাংলা ব্যাকরণ**

**Course Code: BBNGDSRT4 (DSE 4)**

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

ক) পদ কাকে বলে? উদাহরণ দাও।

খ) দুটি সংজ্ঞাবাচক বিশেষ্য পদের উদাহরণ দাও।

গ) পঙ্কজ, জলদ শব্দদুটির প্রত্যয়ান্ত ব্যুৎপত্তি নির্ণয় করো।

ঘ) বাচ্য পরিবর্তন করো :

মহাশয়ের আসা ভালো হয় নাই। (ভাববাচ্যে)

ঙ) রূঢ় শব্দ কাকে বলে?

চ) নবকুমারকে শিয়ালে খেয়েছে।(কর্মবাচ্যে পরিবর্তন করো)

ছ) সরল বাক্য কাকে বলে? উদাহরণ দাও।

জ) সকালে উঠিয়া আমি মনে মনে বলি।
(যৌগিক বাক্যে রূপান্তর করো)

ঝ) আজ খুব শীত। (বিস্ময়সূচক বাক্যে রূপান্তর করো)

ঞ) শুদ্ধ বানানগুলির পাশে (√) চিহ্ন দাও :

i) অ) সমিচিন
আ) সমীচিন
ই) সমীচীন

ii) অ) বাগিশ্বরী
আ) বাগীশ্বরী
ই) বাগীশ্বরি

ট) বাক্যটি শুদ্ধ করে লেখো :

স্কুলের সামনে একটি অশ্বত্থ বৃক্ষের গাছ আছে।

ঠ) সমস্ত বা সমাসবদ্ধ পদ কাকে বলে?

ড) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো :

রাজর্ষি, দশানন।

ঢ) বাংলা উপসর্গের দুটি উদাহরণ দাও।

ণ) 'দ্রুত চল নচেৎ ট্রেন ধরতে পারব না'।

বাক্যটি সরল, জটিল না যৌগিক লেখো।

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) গঠনগত দিক দিয়ে বাক্যকে কি কি শ্রেণীতে ভাগ করা হয়?

খ) ব্যাসবাক্য কাকে বলে? উদাহরণ দাও।

গ) বাচ্য কাকে বলে? বাংলায় বাচ্য কয় প্রকার?

ঘ) বাংলায় কারক কয় প্রকার ও কি কি?

ঙ) কারক নির্ণয় করো :

i) '**টাকায়** কী না হয়'?

ii) 'গাধাকে হাজার **চাবুক** মারো সে গাধাই থাকবে'।

চ) যেটি ঠিক তার পাশে / উপরে (√) চিহ্ন দাও :

i) মেয়েটির চমৎকার **বুদ্ধি**। (ক্রিয়াবাচক বিশেষ্য / গুণবাচক বিশেষ্য / ভাববাচক বিশেষ্য)

ii) **দারিদ্রে** নাহিক ভয়। (অবস্থাবাচক বিশেষ্য / ভাববাচক বিশেষ্য / গুণবাচক বিশেষ্য)



iii) **ক্রোধ** আমাদের চরম শত্রু। (সমষ্টিবাচক বিশেষ্য / গুণবাচক বিশেষ্য / ভাববাচক বিশেষ্য)

iv) সামনেই তো **সমিতির** বার্ষিক অধিবেশন। (গুণবাচক বিশেষ্য / সমষ্টিবাচক বিশেষ্য / ক্রিয়াবাচক বিশেষ্য)

ছ) নীচের শব্দগুলি দিয়ে ভিন্নার্থক বাক্যে প্রয়োগ করো :

i) কান ii) মাথা

জ) শূন্যস্থানে সঠিক বর্ণ বসাও :

i) পুর _____ র (স্কা / স্কা)

ii) হিতৈ _____ (ষি / ষী)

iii) বা _____ কি (ল্মি / ল্মী)

iv) অ _____ য়ন (ধ্যা / ধ্য)

ঝ) বাচ্য পরিবর্তন করো :

i) নৌকা আর ফিরিল না। (ভাববাচ্যে)

ii) সুজাতা কি গান জানে? (কর্মবাচ্যে)

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) বিশেষ্য পদ কাকে বলে? বিশেষ্য পদ কয়প্রকার ও কি কি? প্রত্যেক পদের একটি করে উদাহরণ দাও। ১+১+৩=৫

খ) ব্যুৎপত্তি নির্ণয় করো : ১×৫=৫

i) জিজ্ঞাসা ii) ভৌগোলিক

iii) রজক iv) মানব

v) বুদ্ধিমন্ত

গ) সরল, জটিল ও যৌগিক বাক্যের সংজ্ঞা উদাহরণ সহযোগে লেখো। $১\frac{২}{২}+১\frac{২}{২}+২=৫$

ঘ) নীচের শব্দগুলিকে দুটি ভিন্নার্থে প্রয়োগ করো : ১×৫=৫

i) সিতা
সীতা

ii) বিষ
বিস

iii) শকল
সকল

iv) পরিষদ
পারিষদ

v) আপন
আপণ

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) সমাস কাকে বলে? সমাস কয় প্রকার? কি কি? সন্ধি ও সমাসের পার্থক্য কি? পূর্বপদ ও উত্তরপদ কাকে বলে? প্রতিটি উদাহরণ দিয়ে বোঝাও। ৪+২+৪=১০

খ) গঠনমূলক ভেদে ও অর্থমূলক ভেদে শব্দের শ্রেণীবিভাগগুলি আলোচনা করো। ৫+৫=১০

গ) অর্থগত দিক দিয়ে বাক্যকে কয়ভাগে ভাগ করা হয়? প্রত্যেক ভাগের উদাহরণ দিয়ে আলোচনা করো। ১০

———————